তাগিদ-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫-২৬ তারিখঃ ২৭/০৯/২০১৬খ্রিঃ

**বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তরে জেলা ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়ের নামে Facebook Account এবং Facebook Page খোলা প্রসঙ্গে।**

**সূত্রঃ** ৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫-৫১, তারিখঃ ০৪/১০/২০১৫খ্রিঃ

অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, জেলা কার্যালয়, যুব প্রশিক্ষণ কেন্দ্র, আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়ের নামে Facebook Account ও Facebook Page খোলার বিষয়ে a2i প্রোগ্রামের নির্দেশনা রয়েছে। সূত্রোস্থ পত্র মারফত বিষয়টি সকলকে অবহিত করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে কিছু কার্যালয় হতে নির্দেশনা মাফিক ব্যবস্থা নেয়া হলেও বেশীর ভাগ কার্যালয় হতে বর্ণিত নির্দেশনা প্রতিপালিত হয়নি। ইতোমধ্যে প্রধান কার্যালয়ের অনুকূলে "www.facebook.com/departmentofyouthdevelopmenthq" শিরোনামে একটি Facebook Page খোলা হয়েছে।

বর্ণিত অবস্থায় যে সকল কার্যালয়ের অনুকূলে এখনো Facebook Account খোলা হয়নি সে সকল কার্যালয়ের প্রধানগণকে (সংযুক্ত নির্দেশনা অনুসরন করে) ১০/১০/২০১৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে Facebook Account খুলে উক্ত Account এর অধীনে Facebook Page খোলা এবং যে সকল কার্যালয়ের নামে ইতোপূর্বে Facebook Account খোলা হয়েছে সে সকল কার্যালয়ের প্রধানগণকে জরুরীভিত্তিতে নিজনিজ Facebook Account এর অধীনে (সংযুক্ত নির্দেশনা অনুসরন করে) Facebook Page খোলার ব্যবস্থা গ্রহন করতে পুনরায় অনুরোধ করা হলো। সরকার গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের প্রচারনা, দপ্তরের কর্মসূচি সম্পর্কিত তথ্য অবহিত করা এবং পরিচালিত কর্মকান্ড সম্পর্কে সর্বসাধারণের অভিমত গ্রহণ করে কর্মসূচিকে যতদূর সম্ভব সময়োপযোগী করে পরিচালনা করাই Facebook Page খোলার অন্যতম প্রধান উদ্দেশ্য। Facebook Page খোলার জন্য পরামর্শের প্রয়োজন হলে জনাব সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (আইসিটি), মোবাঃ ০১৭১২৪৭৩৩৪৮ নম্বরে যোগাযোগ করে পরামর্শ নেয়া যেতে পারে।

বিষয়টি অতিব জরুরী।

**সংযুক্তঃ** ১। Account খোলার নিয়মাবলী-০১ পাতা।

২৭/০৯/২০১৬
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৯৩৮৯
e-mail: dgdydhq@gmail.com

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫- ২৬ তারিখঃ ২৭/০৯/২০১৬খ্রিঃ

**সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১। পরিচালক-----------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর।
২। উপপরিচালক/অধ্যক্ষ/কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর ------------সংশ্লিষ্ট জেলা (সকল)।
৩। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র ---------------------------------- জেলা (সকল)।
৪। সহকারী পরিচালক, আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র -------------------- জেলা (সকল)।
৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,----------------------উপজেলা ----------------জেলা(সকল)।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। অফিস কপি।

উপপরিচালকগণকে তাঁর জেলাধীন যুব প্রশিক্ষণ কেন্দ্র, আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র ও উপজেলা কার্যালয় সমূহ হতে Facebook Page ID সংগ্রহপূর্বক একীভূত করে একটি পত্র মারফত ictdyd@gmail.com ঠিকানায় প্রেরন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/০৯/২৬
(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: ictdyd@gmail.com

## Facebook Account খোলার নিয়মাবলী

১। ব্রাউজারে www.facebook.com লিখে Enter Press করলে Signup Page পাওয়া যাবে।

২। First Name : dir/dd/ad/principal/coordinator/dpc/ydo ইত্যাদি small letter এ লিখতে হবে (যার জন্য যা প্রযোজ্য) ।

৩। Last Name : জেলা উপজেলার নাম যেমন dhaka/khulna/savar/sonargaon ইত্যাদি small letter এ লিখতে হবে (যার জন্য যা প্রযোজ্য) । E-mail or mobile number : অফিসের e-mail address অথবা মোবাইল নং টি লিখতে হবে। ফোন নং এর আগে বাংলাদেশের কোড ৮৮ দিয়ে শুরু করতে হবে।
(যেমন: ৮৮০১৭১২৪৭৩৩৪৮) এবং অবশ্যই অফিসের রেজিস্টারে সংরক্ষন রাখুন।

৩। New Password: পছন্দ মত একটি Password type করুন এবং অফিসের রেজিস্টারে সংরক্ষন রাখুন।

৪। Birth day : ইচ্ছামত একটি জন্মতারিখ দিন।

৫। Gender: * Female * male যে কোন একটি Select করুন।

৬। Signup Click করুন এবং পরবর্তীতে আপনার ইচ্ছা অনুযায়ী একটি Profile Picture Set করে দিন। এ প্রক্রিয়া অনুসরণে আপনার আকাঙ্ক্ষিত Facebook Account খোলা যাবে ।

এবার Facebook এর Search Option এ departmentofyouthdevelopmenthq type করুন এবং Enter Press করুন । Department of Youth Development H.Q লেখা অংশে Click করুন, মূল পেইজটি Open হবে । এবার বাম/ডান দিকের VISITOR POSTS-এ Click করুন এবং আপনার মতামত পেশ করুন।

## Facebook Page খোলার নিয়মাবলী

১। আপনার Facebook এর বাম পাশে অবস্থিত মেনুবার হতে Pages নামক Option এর নীচে Create Page নামক একটি Link আছে। উক্ত Link-এ Click করুন।

২। Create a Page নামক একটি page দেখা যাবে।

৩। উক্ত Page এর “Company, Organization or Institution” নামক বক্সে Click করুন।

৪। উক্ত বক্সে “Choose a catagory” Click করুন ও ড্রপ-ডাউন মেনু হতে “Government Organization” Select করুন।

৫। নীচে Company Name এর বক্সে জেলা, উপজেলা ও অন্যান্য কার্যালয়ের ক্ষেত্রে কার্যালয়ের ও জেলা-উপজেলার সংক্ষিপ্ত নাম টাইপ করুন। এই নামটি হবে কার্যালয়ের Facebook ID, যেমন (Ddofficesylhet/ Uydoofficesavar/ Ytcpabna/Nycsavar/Chrdcsavar) ইত্যাদি। এরপর “Get started” এ Click করুন।

৬.১। আগত Set Up page এর 1. **“About”** এ Facebook Page কি উদ্দেশ্যে তৈরী ও ব্যবহার হবে সে বিষয়ে দু-একটি লাইন টাইপ করুন বাংলা অথবা ইংরেজীতে। (Example: Every one can participate in this page for giving his/her opinion or suggestions about DYD activities in Sylhet District) ইত্যাদি টাইপ করে Save Info তে Click করুন।

৬.২। 2. Profile Picture এ আপনার পছন্দমত মানানসই একটি ছবি সংযুক্ত/Upload করে Save photo তে Click করুন।

৬.৩। ৩. Add to Favorites ট্যাবে Click করুন এবং এর নীচে Add to Favorites এ Click করুন। ফলস্বরূপ পরবর্তীতে Facebook ID টি Facebook এর বাম পাশে Favorites এর নীচে দেখা যাবে।

৬.৪। ৪. Preferred Page Audience ট্যাবে Click করুন এবং এর নীচে Skip এ Click করুন। এই প্রক্রিয়ার মাধ্যমে একটি Facebook Page create করা শেষ হবে ।

**উদ্দেশ্য ও করনীয়ঃ**

Facebook Page এ ভিজিটর কর্তৃক Message (Post) পাঠানোর বা তথ্য জানতে চাইলে page টির বাম/ডান দিকের মেনুবারে Visitor Posts নামে Link এ ক্লিক করলে Post গুলো দেখা যাবে এবং যথাযথ উত্তর লিখে Reply Button এ Click করে জানিয়ে দিন। এতে যুব সমাজের সাথে যোগাযোগ বাড়বে ফলে উপকৃত হবে যুব সমাজ ।